

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৬৩৭

(كتاب الأشربة) १८/ शानीश

পরিচ্ছেদঃ ৭৪/৩০. নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ব্যবহৃত পেয়ালায় পান করা এবং তাঁর পাত্রসমূহের বর্ণনা।

بَابِ الشُّرْبِ مِنْ قَدَحِ النَّبِيِّصلى الله عليه وسلم وَآنِيَتِهِ

আরবী

سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ حَدَّثَنَا أَبُو غَسَّانَ قَالَ حَدَّثَنِي أَبُو حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدِ قَالَ ذُكِرَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم امْرَأَةٌ مِنَ الْعَرَبِ فَأَمَرَ أَبَا أُسيْدِ السَّاعِدِيَّ أَنْ يُرْسِلَ إِلَيْهَا فَأَرْسَلَ إِلَيْهَا فَقَدِمَتْ فَنَزَلَتْ فِي أُجُمِ بَنِي سَاعِدَةَ فَخَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم حَتَّى جَاءَهَا فَدَخَلَ عَلَيْهَا فَإِذَا امْرَأَةٌ مُنَكِّسَةٌ رَأْسَهَا فَلَمَّا كَلَّمَهَا النَّبِيُّ صلى الله عليه وسلم قَالَت أَعُوذُ بِاللهِ مِنْكَ فَقَالَ قَدْ أَعَدْتُكِ مِنِي فَقَالُوا لَهَا أَتَدْرِينَ مَنْ هٰذَا قَالَتْ لاَ وَسلم قَالُوا هٰذَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم جَاءَ لِيَخْطُبُكِ قَالَت كُنْتُ أَنَا أَشْقَى مِنْ ذَالِكَ قَالُوا اللهَ عليه وسلم جَاءَ لِيَخْطُبُكِ قَالَت كُنْتُ أَنَا أَشْقَى مِنْ ذَالِكَ فَاللهَ عَليه وسلم يَوْمَئِذ حَتَّى جَلَسَ فِي سَقِيفَةِ بَنِي سَاعِدَةَ هُو وَاللهُ وَلَا النَّبِيُّ صلى الله عليه وسلم يَوْمَئِذ حَتَّى جَلَسَ فِي سَقِيفَةِ بَنِي سَاعِدَةَ هُو وَأَصْحَابُه " ثُمَّ قَالَ الله عليه وسلم يَوْمَئِذ حَتَّى جَلَسَ فِي سَقِيفَةِ بَنِي سَاعِدَةَ هُو وَأَصْحَابُه " ثُمَّ قَالَ السَقِنَا يَا سَهْلُ فَخَرَجْتُ لَهُمْ بِهٰذَا الْقَدَحِ فَأَلْسُقَيْتُهُمْ فِيهِ فَأَخْرَجَ لَنَا سَهْلُ ذَالِكَ الْقَدَحَ فَشَرِبْنَا مِنْه " قَالَ أُنَّ أَسْتُوهُ هَبَه " عُمَلُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بَعْدَ ذَالِكَ فَوَهَبَه " لَهُ أَلُ الْقَدَحَ فَشَرِبْنَا مِنْه " قَالَ ثُمَّ السَتَوْهَبَه " عُمَلُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بَعْدَ ذَالِكَ فَوَهَبَه " لَهُ

বাংলা

وَقَالَ أَبُو بُرْدَةَ قَالَ لِي عَبْدُ اللهِ بْنُ سَلاَم أَلاَ أَسْقِيكَ فِي قَدَح شَرِبَ النَّبِيُّ صلى الله عليه وسلم فِيهِ.

আবূ বুরদাহ (রহ.) বলেন, 'আবদুল্লাহ ইবনু সালাম (রাঃ) আমাকে বলেছেনঃ আমি কি তোমাকে সেই পাত্রে পান করেতে দেব না যে পাত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পান করেছেন?

৫৬৩৭. সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আরবের



এক মহিলার কথা আলোচনা করা হলে, তিনি আবৃ উসাইদ সা'ঈদী (রাঃ)-কে আদেশ দিলেন, সেই মহিলার নিকট কাউকে পাঠাতে। তখন তিনি তার নিকট একজনকে পাঠালে সে আসলো এবং সায়িদা গোত্রের দূর্গে অবতরণ করল। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেরিয়ে এসে তার কাছে গেলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দূর্গে তার কাছে প্রবেশ করে দেখলেন, এক স্ত্রীলোক মাথা ঝুঁকিয়ে বসে আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তার সঙ্গে কথাবার্তা বললেন, তখন সে বলে উঠল, আমি আপনার থেকে আল্লাহর নিকট পানাহ চাই। তখন তিনি বললেনঃ আমি তোমাকে পানাহ দিলাম।

তখন লোকেরা তাকে বলল, তুমি কি জানো ইনি কে? সে বললঃ না। তারা বললঃ ইনি তো আল্লাহর রাসূল। তোমাকে বিয়ের প্রস্তাব দিতে এসেছিলেন। সে বলল, এ মর্যাদা থেকে আমি চিরদিনের জন্য বঞ্চিতা। এরপর সেই দিনই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এগিয়ে গেলেন এবং তিনি ও তাঁর সাহাবীগণ অবশেষে বানী সায়িদার চত্বরে এসে বসে পড়লেন। এরপর বললেনঃ হে সাহল! আমাদের পানি পান করাও। সাহল বলেন, তখন আমি তাঁদের জন্য এ পেয়ালাটিই বের করে আনি এবং তা দিয়ে তাঁদের পান করাই। বর্ণনাকারী বলেন, সাহল তখন আমাদের কাছে সেই পেয়ালা বের করে আনলে আমরা তাতে করে পানি পান করি। তিনি বলেছেনঃ পরবর্তীতে 'উমার ইবনু 'আবদুল 'আযীয তাঁর নিকট হতে সেটি দান হিসাবে পেতে চাইলে, তিনি তাঁকে তা হেবা করে দেন। [৫২৫৬; মুসলিম ৩৬/৯, হাঃ ২০০৭] (আধুনিক প্রকাশনী- ৫২২৬, ইসলামিক ফাউন্ডেশন- ৫১২২)

English

Narrated Sahl bin Sa'd:

An Arab lady was mentioned to the Prophet (ﷺ) so he asked Abu Usaid As-Sa`idi to send for her, and he sent for her and she came and stayed in the castle of Bani Sa`ida. The Prophet (ﷺ) came out and went to her and entered upon her. Behold, it was a lady sitting with a drooping head. When the Prophet (ﷺ) spoke to her, she said, "I seek refuge with Allah from you." He said, "I grant you refuge from me." They said to her, "Do you know who this is?" She said, "No." They said, "This is Allah's Messenger (¾) who has come to command your hand in marriage." She said, "I am very unlucky to lose this chance." Then the Prophet and his companions went towards the shed of Bani Sa`ida and sat there. Then he said, "Give us water, O Sahl!" So I took out this drinking bowl and gave them water in it. The sub-narrator added: Sahl took out for us that very drinking bowl and we all drank from it. Later on `Umar bin `Abdul `Aziz requested Sahl to give it to him as a present, and he gave it to him as a present.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন